গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০১.২০২২- ০৬ -বিশেষ তারিখ: ২৫/০১/২০২৩ খ্রি.

**বিষয়: মাধ্যমিক স্তরের ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে 'টোটাল ফিটনেস প্রোগ্রাম (TFP)' বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষক/শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও মানসিক স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'টোটাল ফিটনেস প্রোগ্রাম (TFP)' বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর প্রেক্ষিতে পাইলটিং ভিত্তিতে সকল জেলার ১টি সরকারি বালক ও ১টি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়সহ মোট ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ১ দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী আয়োজনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। কর্মশালার শিরোনাম: 'টোটাল ফিটনেস প্রোগ্রাম (TFP) : অনুশীলন ও কার্যকারিতা'।

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর উপ-পরিচালক (বিশেষ) জনাব সৈয়দ মইনুল হাসান এ প্রোগ্রামের মুখ্য সমন্বয়ক ও সহকারী পরিচালক (বিশেষ) জনাব মো: খালেদ সাইফুল্লাহ সহকারী সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

৩। জেলা শিক্ষা অফিসারগণ স্থানীয় সমন্বয়ক এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ সহকারী স্থানীয় সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্মশালা আয়োজনের ব্যাপারে মুখ্য ভূমিকা পালন করবেন এবং 'প্রতিষ্ঠান সমন্বয়ক' হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে সকল শিক্ষক স্ব-স্ব প্রতিষ্ঠানে এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজনে সহযোগিতা করবেন এবং প্রশিক্ষণে অংশ নেবেন (পরবর্তীতে অংশগ্রহণকারী শিক্ষকগণ এ কার্যক্রম পরবর্তী নির্দেশনার আলোকে শিক্ষার্থীদের মধ্যে বাস্তবায়ন করবেন)।

৬। প্রতিটি প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় এ কার্যক্রম বাস্তবায়ন করবে।

৭। প্রতিষ্ঠানগুলো স্ব-স্ব ভেন্যুতে কর্মশালার আয়োজন করবে।

৮। এ কার্যক্রমের জন্য ৬৪ জেলার মহানগর থানা বা সদর উপজেলার ১টি সরকারি বালক ও ১টি সরকারি বালিকাসহ মোট ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহের তালিকা এই নির্দেশিকার সাথে সংযুক্ত করা হয়েছে।

৯। স্থানীয় স্বেচ্ছাসেবী প্রশিক্ষকগণ এ কর্মশালা পরিচালনা করবেন। ইতোমধ্যেই জেলা শিক্ষা অফিসার বরাবর স্থানীয় স্বেচ্ছাসেবী প্রশিক্ষকদের নাম ও ফোন নম্বর সম্বলিত তালিকা পত্রের সাথে সংযুক্ত করা হয়েছে।

১০। সংশ্লিষ্ট থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২৮ জানুয়ারি ২০২৩ এর মধ্যে এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও স্থানীয় স্বেচ্ছাসেবী প্রশিক্ষকদের টিম লিডার এর সাথে যোগাযোগ করবেন এবং কর্মশালার তারিখ, ২ জন প্রশিক্ষকের নাম ও প্রশিক্ষণ বিষয়ে যাবতীয় পরিকল্পনা চূড়ান্ত করবেন।

১১। ১ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে যেকোনো ১ দিন দিবসব্যাপী (সকাল ৯টা - বিকেল ৫টা) কর্মশালাটি আয়োজন করতে হবে। এই সময়কালের মধ্যে যেকোনো শুক্রবার/শনিবার কিংবা অন্যকোনো বন্ধের দিনে কর্মশালাটি অনুষ্ঠিত করা যেতে পারে।

চলমান পাতা/০২

১২। প্রতিষ্ঠান প্রধানগণ পরবর্তীতে কার্যক্রমটি বাস্তবায়নের সুবিধার্থে বা প্রয়োজনীয় পরামর্শের জন্য প্রশিক্ষক ও অংশগ্রহণকারীদের সংযুক্ত করে একটি whatsapp গ্রুপ খুলবেন।

১৩। অঞ্চল পর্যায়ে অনুষ্ঠিতব্য বালক বিদ্যালয়ের কর্মশালায় মাউশির অঞ্চল, জেলা ও নির্বাচিত বিদ্যালয় সংশ্লিষ্ট মহানগর থানা/উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন এবং প্রশিক্ষণে অংশ নেবেন (অঞ্চলের পরিচালক মহোদয় বিষয়টি নিশ্চিত করবেন)।

১৪। জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য বালক বিদ্যালয়ের প্রশিক্ষণ কর্মশালায় মাউশির জেলা ও নির্বাচিত বিদ্যালয় সংশ্লিষ্ট সদর উপজেলা/থানা পর্যায়ের সকল কর্মকর্তা পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন এবং প্রশিক্ষণে অংশ নেবেন (জেলা শিক্ষা অফিসার বিষয়টি নিশ্চিত করবেন)।

১৫। ১৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে সকল জেলা শিক্ষা অফিসার কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তা, শিক্ষক ও প্রশিক্ষকের তালিকা পত্রে সংযুক্ত 'প্রতিবেদন ছকে' tfp.dddshe@gmail.com মেইলে প্রেরণ করবেন।

১৬। যে কোনো তথ্য/পরামর্শের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করবেন। প্রয়োজনে জেলা শিক্ষা অফিসারের সাথেও যোগাযোগ করা যেতে পারে।

১৭। তথ্য প্রেরণ সংক্রান্ত বা জরুরি প্রয়োজনে জনাব মো: শওকত ইকবাল, সংযুক্ত কর্মকর্তা (মোবাইল- ০১৭৬২১৬৩০৭২) এবং জনাব ফজিলাতুন্নেছা, সংযুক্ত কর্মকর্তা (মোবাইল- ০১৭৩৭৪২১৯০১), বিশেষ শিক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৮। এ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আঞ্চলিক পরিচালক, উপপরিচালক (মাধ্যমিক), জেলা শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ স্ব স্ব অবস্থান থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং সার্বিক বিষয়ে তদারকি করবেন।

২৫/০১/২০২৩

সংযুক্তি: ১। কর্মশালার ব্যানার ডিজাইন।
২। ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা।
৩। স্থানীয় স্বেচ্ছাসেবী প্রশিক্ষকের তালিকা।
৪। প্রতিবেদন ছকের নমুনা।

(সৈয়দ মইনুল হাসান)
উপ-পরিচালক (বিশেষ শিক্ষা)
ফোন: ০২-৪১০৫০২৮৬
ই-মেইল: ddspecial.dshe@gmail.com
ও
মুখ্য সমন্বয়ক
টোটাল ফিটনেস প্রোগ্রাম

বিতরণ ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১. পরিচালক (সকল অঞ্চল)।
০২. উপপরিচালক, মাধ্যমিক (সকল অঞ্চল)।
০৩. জেলা শিক্ষা অফিসার (সকল)।
০৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (নির্বাচিত বিদ্যালয় সংশ্লিষ্ট, সকল জেলা)।
০৫. প্রধান শিক্ষক/অধ্যক্ষ (নির্বাচিত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৪. সংরক্ষণ নথি।